# বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

কর্পোরেট অফিসঃ **ইউনুস ট্রেড সেন্টার (লেভেল ২২)**
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

## ২১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর ২১তম বার্ষিক সাধারণ সভা (পূর্বে স্থগিতকৃত) আগামী ৩০-১১-২০১৯ইং তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ টায় নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্তে কুর্মিটোলা গলফ ক্লাব, কুর্মিটোলা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬-এ অনুষ্ঠিত হবে।

**আলোচ্যসূচী ঃ**

১। ৩১ ডিসেম্বর, ২০১৮ইং সমাপ্ত বছরের ব্যাংকের নিরীক্ষিত হিসাবাবলী, ঐ তারিখে স্থিতিপত্রসহ তদ্‌বিষয়ে পরিচালক ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
২। ২০১৯ইং সালের জন্য অডিটর নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।
৩। ব্যাংকের মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং কোম্পানী আইনের বিধান মোতাবেক পরিচালকের অবসর গ্রহণ ও তদস্থলে পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন।
৪। সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়ে আলোচনা।

পর্ষদের আদেশক্রমে
স্বা/-
**(সৈয়দ মোহাম্মদ ইস্তেনচার বিল্লাহ)**
কোম্পানী সচিব

**তারিখঃ নভেম্বর ১২, ২০১৯**
ঢাকা।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১। কোম্পানীর ২১তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে শেয়ার হস্তান্তর বহিঃ ইতোপূর্বে ঘোষিত **২৩-০৭-২০১৯ইং** থেকে **২৫-০৭-২০১৯ইং** তারিখ (উভয় দিনসহ) বন্ধ থাকার বিষয়টি কার্যকর ছিল যা **বিগত ০৭-০৭-২০১৯ইং** তারিখে 'দৈনিক ইত্তেফাক' ও 'দি ফিনান্সিয়াল এক্সপ্রেস' পত্রিকায় প্রকাশিত হয়েছিল।
২। ২১তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের যোগ্য কোম্পানীর যে কোন সদস্য/সদস্যা তার পক্ষে সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফরম অথবা পাওয়ার অব এটর্নী বা ক্ষমতাপত্র বা নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত ক্ষমতাপত্র এজিএম-এর কার্যক্রম শুরু হওয়ার কমপক্ষে **৭২ ঘন্টা** পূর্বে কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে জমা দিতে হবে। যদি প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ ও ২০/- টাকা মূল্যের রেভিনিউ ষ্ট্যাম্প সংযোগপূর্বক নির্ধারিত সময়ে জমা দেয়া না হয় তাহলে প্রক্সি ফরম বৈধ বলে বিবেচিত হবেনা।
৩। সাধারণ সভা অনুষ্ঠানের দিন রেজিষ্ট্রেশন কাউন্টার **সকাল ০৯.০০ ঘটিকা থেকে ১১.০০ ঘটিকা** পর্যন্ত খোলা থাকবে। রেজিষ্ট্রেশনের জন্য ব্যাংক কর্তৃক মুদ্রিত **এটেন্ডেন্স স্লিপ** উপস্থাপন আবশ্যক।
৪। ২১তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদন-২০১৮, এটেন্ডেন্স স্লিপ, নোটিশ ও প্রক্সি ফরম ডাকযোগে যথাসময়ে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিবন্ধিত ঠিকানায় প্রেরণ করা হবে। সভা অনুষ্ঠানের পূর্বে কেউ বার্ষিক প্রতিবেদন, নোটিশ/প্রক্সি ফরম না পেয়ে থাকলে ব্যাংকের **website: www.bcblbd.com** বা রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো (টেলিফোন- **০৯৬১-৩২২-১০৭০**)।
৫। ঠিকানার কোন পরিবর্তন হলে বার্ষিক প্রতিবেদন প্রেরণের পূর্বে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড-এর রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে লিখিতভাবে অবহিত করার জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হলো।
৬। সুষ্ঠভাবে সাধারণ সভা অনুষ্ঠানের সুবিধার্থে শিশু বা শেয়ারহোল্ডার নন এমন কাউকে সাথে না আনার জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হলো।
৭। **বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী কোন গিফ্‌ট বা খাবার প্রদান করা হবে না।**

**প্রকাশিত দৈনিক ইত্তেফাক, পৃষ্ঠা নং-৭, তারিখ ১২ নভেম্বর, ২০১৯ইং**